

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৪.২২.১৫২৪

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯


১০ অক্টোবর ২০২২

বিষয়: রিট পিটিশন নং ৮০৭০/২০২২-এর রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং ৮০৭০/২০২২-এর ১৭/০৮/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ভোলা জেলার মনপুরা উপজেলার ১নং মনপুরা ইউনিয়নকে বিভক্তিপূর্বক নতুন ২টি ইউনিয়ন গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট ছয় জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব মো: আছিল হক কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ৮০৭০/২০২২ রুজু করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি শেষে তর্কিত বিষয়ে ০৬ (ছয়) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮০৭০/২০২২ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে চাহিত সকল ডকিউমেন্টস্ প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্ট সকলের ওপর বর্তাবে।



১০-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২১৪.২২.১৫২৪/১(৪)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯

১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১০-১০-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব